

[বাংলাদেশ গেজেট, ১ম খণ্ড, ৩ রা আগস্ট, ১৯৮৯ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-১

প্রজ্ঞাপন

ঢাকা, ৪ ঠা শ্রাবণ ১৩৯৬/১৯শে জুলাই, ১৯৮৯

নং ভূ:ম:/শা-১/১৬/৮৯-৫৮০-- পার্বত্য চট্টগ্রাম জেলাসমূহে রাঙ্গামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯, খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ ও বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ অনুযায়ী তিনটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ গঠন করা হইয়াছে। এই আইন তিনটিকে কার্যকরী করার লক্ষ্যে সরকার প্রশাসনিক পুনর্বিन্যাস ও উক্ত পুনর্বিन্যাস বিষয়ক কমিটি গঠন করিয়াছেন। উক্ত কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট আইনগুলির ধারা ৬৪ তে বর্ণিত বিধান বাস্তবায়নের উদ্দেশ্যে নিম্নোক্ত আদেশ জারী করা হইলঃ

Chittagong Hill Tracts Regulation (Regulation II of 1900) এবং ইহার সংশোধনীসমূহ অনুযায়ী পার্বত্য জেলাসমূহে ডেপুটি কমিশনার ভূমি বন্দোবস্ত ও অস্থানীয়দের নিকট ভূমি হস্তান্তরের অনুমোদন দিতেন। উল্লিখিত পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইনসমূহ প্রবর্তনের পর এক্ষণে সংশ্লিষ্ট স্থানীয় সরকার পরিষদের পূর্বানুমোদন ব্যতীত কোন জায়গাজমি বন্দোবস্ত এবং উক্তরূপ জায়গাজমি জেলার বাসিন্দা নহেন এইরূপ কোন ব্যক্তির নিকট হস্তান্তর করা যাইবে না। তবে সংরক্ষিত ও রক্ষিত বনাঞ্চল, কাণ্ডাইহুদ এলাকা, কাণ্ডাই বিদ্যুৎ প্রকল্প এলাকা, রাষ্ট্রীয় শিল্প কারখানা এলাকা, সরকার বা জনস্বার্থের প্রয়োজনে হস্তান্তরিত বা বন্দোবস্তকৃত জায়গাজমি এবং রাষ্ট্রীয় স্বার্থে প্রয়োজন হইতে পারে এইরূপ কোন জায়গাজমি বা বনের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

এই আদেশ, সংশ্লিষ্ট স্থানীয় সরকার পরিষদ যেদিন হইতে প্রথম আনুষ্ঠানিক সভায় মিলিত হইবেন, ঐ তারিখ হইতে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. এইচ. এম.সিরাজুল হক

যুগ্ম-সচিব।